



বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

Bangladesh Madrasah Education Board, Dhaka.

www.bmeb.gov.bd

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/২৫৪৭

তারিখঃ- ২৮-১১-২০১৬ খ্রিঃ।


অফিস আদেশ

অত্র বোর্ডের আওতাধীন মাদরাসা ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দাখিল পরীক্ষা ২০১৭ শিক্ষা বর্ষ ২০১৫-২০১৬ এর রেজিস্ট্রেশন কার্ড আগামী ২৮/১১/২০১৬ ইং তারিখ থেকে আঞ্চলিক অফিস সমূহের মাধ্যমে বিতরণ করা হবে।

ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র চেয়ারম্যানের মাধ্যমে স্ব স্ব মাদরাসা প্রধানগণ অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধিকে (মাদরাসা প্রধান কর্তৃক সত্যায়িত স্বাক্ষরসহ) আবেদনপত্র দাখিল পূর্বক মাদরাসা বোর্ডের আঞ্চলিক কার্যালয় ও মাদরাসা বোর্ড থেকে রেজিস্ট্রেশন কার্ড সংগ্রহ করার জন্য অনুরোধ করা হলো।

তবে যে সকল প্রতিষ্ঠানের অধ্যক্ষ/সুপারের এবং ম্যানেজিং কমিটির সভাপতি/গভর্নিং বডি'র চেয়ারম্যানের পদ নিয়ে জটিলতা রয়েছে সে সকল মাদরাসাকে জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে স্ব স্ব মাদরাসা প্রধান অথবা তাঁর প্রতিষ্ঠানের বৈধ প্রতিনিধি নির্ধারণ করতে হবে।

সংগৃহীত রেজিস্ট্রেশন কার্ডে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে সংশোধনের জন্য অনতিবিলম্বে যথাযথ কাগজপত্র সহ অত্র বোর্ডে আবেদন করতে হবে।



মোঃ নজমুল হুদা

রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্বপ্রাপ্ত)

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোনঃ-৫৮৬১০২১৬



তারিখঃ- ২৮-১১-২০১৬ খ্রিঃ।

স্মারক নং-বামাশিবো/কমন/আর-৭১(অংশ-০২)/২৫৪৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি বিতরণঃ-

১. জেলা প্রশাসক, (সকল)।
২. উপজেলা নির্বাহী অফিসার, (সকল)।
৩. সিঃ সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৪. জনাব মোঃ আমির উদ্দিন, প্রোগ্রামার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
৫. সহকারী পরিদর্শক, ময়মনসিংহ, চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/রাজশাহী/রংপুর/খুলনা ও বরিশাল অঞ্চল।
৬. অত্র বোর্ডের অধীনে সকল মাদরাসা প্রধানগণ।
৭. পি.এ.টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৮. অফিস কপি।

(মোঃ কামাল উদ্দিন)

উপ-রেজিস্ট্রার (কমন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন-৯৬৭৫৪০৩

